Minutes-DG-DLG-DDLG.doc

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ০৮-০১-২০১৭ তারিখে চট্টগ্রাম ও সিলেট বিভাগের পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার তারিখ ঃ ০৮ জানুয়ারী, ২০১৭খ্রিঃ।
সভার স্থান ঃ স্থানীয় সরকার বিভাগের লাইব্রেরী কক্ষ।
সভার সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

আলোচনা-১

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের মাধ্যমে সরকারের উন্নয়ন বাজেটের একটা বড় অংশ বাস্তবায়ন হয়ে থাকে এবং মুলত মাঠ পর্যায়ে উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে সরকারের বরাদ্দকৃত এ অর্থ ব্যয় হয়। এসকল উন্নয়ন কাজ সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা দেখার দায়িত্ব পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণের। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে গুণগত পরিবর্তন আনতে পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণের ভূমিকা রয়েছে। তাই চলমান প্রকল্পের পাশাপাশি সমাপ্ত উন্নয়ন প্রকল্প পরিদর্শনের উপর গুরুত্বারোপ করেন। সভাপতি সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিচালক ও উপ-পরিচালকগণের নিকট থেকে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যাচ্ছে না। তিনি প্রমাপ অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে অনুরোধ করেন। প্রকল্প এলাকায় বড় সাইনবোর্ডে যাতে প্রকল্প সংক্রান্ত তথ্যাদি প্রদর্শন করা হয় পরিদর্শনের সময় এ বিষয়টি দেখার জন্য পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণকে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত-১(ক) ঃ মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণকে স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও উন্নয়ন প্রকল্প পরিদর্শন করতে হবে।

সিদ্ধান্ত-১(খ) ঃ পরিদর্শনের সময় চলমান প্রকল্পের পাশাপাশি সমাপ্ত প্রকল্প পরিদর্শনের উপর জোর দিতে হবে এবং প্রকল্প এলাকায় বড় সাইনবোর্ডে প্রকল্প সংক্রান্ত তথ্যাদি প্রদর্শন করা হচ্ছে কিনা তা দেখতে হবে।

বাস্তবায়নেঃ- পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম/সিলেট বিভাগ।

আলোচনা-২

পরিচালক স্থানীয় সরকার, সিলেট বিভাগ সভায় জানান যে, পরিচালক, স্থানীয় সরকারগণের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন যাতে ফলপ্রসূ ও কার্যকর হয় সে বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। ইদানিং সিটি কর্পোরেশন পরিদর্শনের ক্ষেত্রে যথাযথ সহায়তা পাওয়া যায়না। ফলে পরিদর্শনের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে বলে উল্লেখ করেন।

সিদ্ধান্ত-২ঃ বিদ্যমান প্রমাপ অনুযায়ী সিটি কর্পোরেশন পরিদর্শন করতে হবে। কোন সিটি কর্পোরেশন হতে সহায়তা না পাওয়া গেলে স্থানীয় সরকার বিভাগে জানানো হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

বাস্তবায়নেঃ- পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম/সিলেট বিভাগ।

আলোচনা-৩

পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ বলেন, উপ-পরিচালক, স্থানীয় সরকারের যে সকল শূন্য পদ রয়েছে তা পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদের মধ্য হতে পূরণ করা যেতে পারে। তিনি আরও বলেন, নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা পরিষদের চেয়ারম্যান এবং সদস্যদের ওরিয়েন্টেশন কোর্স করানো প্রয়োজন।

সিদ্ধান্তঃ এনআইএলজি'র মাধ্যমে পর্যায়ক্রমে সকল স্তরের স্থানীয় সরকার প্রতিনিধিদের প্রশিক্ষণের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলো।

বাস্তবায়নেঃ- ১) অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন) এবং পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)।

আলোচনা-৪

সভায় স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (মওমূ) জনাব মাসুদ আহ্মদ বলেন যে, চট্টগ্রাম ও সিলেট বিভাগের সকল জেলা হতে এখনও ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও জেলা পরিষদের কর্মদক্ষতা মূল্যায়ন ফরমসমূহ পাওয়া যায়নি। তিনি দ্রুত অবশিষ্ট জেলার মূল্যায়িত ফরমসমূহ প্রেরণের জন্য অনুরোধ করেন। তাছাড়া বিজয় দিবস, ২০১৬ উদ্‌যাপন এবং উন্নয়ন মেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রেরণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত-৪(ক)ঃ চট্টগ্রাম ও সিলেট বিভাগের ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও জেলা পরিষদের কর্মদক্ষতার মূল্যায়িত ফরমসমূহ দ্রুত প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত-৪(খ)ঃ উন্নয়ন মেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ- পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)।

আলোচনা-৫

উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফেণী সভায় জানান যে, এলজিএসপি প্রকল্পের গাড়ীর জ্বালানী প্রয়োজন অনুযায়ী পাওয়া যায়না। ফলে পরিদর্শন কাজে বিঘ্ন সৃষ্টি হয়। স্থানীয় সরকার বিভাগের বরাদ্দের কপি জেলা প্রশাসকের কার্যালয়ে দেয়া হয় না। যার ফলে পরিদর্শনের সময় সঠিকভাবে প্রকল্পের কাজ পরীক্ষা করা সম্ভব হয়না। উপজেলা পরিষদে যোগাযোগ খাতে প্রকল্প বেশী নেয়া হয়। ১ম শ্রেণীর পৌরসভা উপ-পরিচালকগণ পরিদর্শন করতে পারেনা। এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রমাপ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের সার্কুলারটি পুনঃ প্রেরণের অনুরোধ করেন। তিনি বলেন কোন জেলার আয়তন ছোট আবার কোন জেলার আয়তন বড়। জেলার আয়তন অনুযায়ী জ্বালানী বরাদ্দ দেয়া যায় কিনা এ বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকারগণ সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৫(ক) ঃ প্রকল্পের গাড়ীর জ্বালানীর বিষয়টি এলজিএসপি প্রকল্পের প্রকল্প পরিচালককে জানাতে হবে।

সিদ্ধান্ত-৫(খ) ঃ মন্ত্রিপরিষদ বিভাগের বিদ্যমান প্রমাপ অনুযায়ী পরিদর্শন করতে হবে।

সিদ্ধান্ত-৫(গ) ঃ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট হতে ডাউনলোড করে সার্কুলারটি সংগ্রহ করতে হবে।

২

সিদ্ধান্ত-৫(ঘ) ঃ উপ-পরিচালক, স্থানীয় সরকারগণকে স্থানীয় সরকার বিভাগের বরাদ্দের কপি এ বিভাগের ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট শাখা হতে বরাদ্দের কপি সরবরাহ করার ব্যবস্থা নিতে হবে

বাস্তবায়নেঃ- ১) পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম/সিলেট বিভাগ।
২) জেলা পরিষদ/উপজেলা পরিষদ/পৌর-১,২/সিটি কর্পোরেশন-১,২/ইপ-১,২, শাখা/অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

অতঃপর সভাপতি চট্টগ্রাম/সিলেট বিভাগের পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণকে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি হিসেবে স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও উন্নয়ন প্রকল্পসমূহ নিবিড়ভাবে পরিদর্শন ও তদারকি করার আহবান জানিয়ে এবং সভায় আগত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০১/১৭

(এ এস এম মাহবুবুল আলম)
মহাপরিচালক
ও
সভাপতি

স্মারক নং-৪৬.০৯৯.০২৫.০১.০১.০০১.২০১১-৩১ তারিখঃ ২৬-০১-২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
০৩। মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
০৫। যুগ্মসচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ।
০৬। যুগ্মসচিব (মওমূ), স্থানীয় সরকার বিভাগ।
০৭। পরিচালক, স্থানীয় সরকার, সকল বিভাগ।
০৮। উপসচিব, জেপ/সিটি কর্পোঃ-১,২/পৌর-১/ইপ-১,২, স্থানীয় সরকার বিভাগ।
০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ... জেলা।
১০। সিনিয়র সহকারী সচিব (উজে-২), স্থানীয় সরকার বিভাগ।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১২। সহকারী সচিব, মনি-২,৩/মূল্যায়ন-১,২,৩/পৌর-২, স্থানীয় সরকার বিভাগ।
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
১৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

২৬/০১/১৭

(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪৬১১